

২০২১

বাংলা

এম. এ. দ্বিতীয় বর্ষ (DODL)

ষষ্ঠ পত্র

পূর্ণমান : ৯০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও:

১৫×৬=৯০

পর্ব : ১

(সংস্কৃত সাহিত্যানুশীলন)

মহাকবি কালিদাসের কাব্য ও নাটক (নির্বাচিত)

- ১। আধুনিক কাব্যের বিচারে মেঘদূতকে গীতিকাব্য বলা যায় কিনা আলোচনা করে বুঝিয়ে দাও।

অথবা

মেঘদূত (পূর্বমেঘ) অবলম্বনে কালিদাসের জীবনদৃষ্টির পরিচয় দাও। ১৫

- ২। রামগিরি থেকে অলকা পর্যন্ত মেঘের যাত্রাপথের সৌন্দর্য-শোভার বর্ণনায় কালিদাসের কুশলতা আলোচনা করো।

অথবা

মেঘদূত কাব্যের ভাব-উৎস নির্দেশ করো। ১৫

- ৩। 'কালিদাসস্য সর্বস্বম্ অভিজ্ঞানশকুন্তলম্।'

— 'অভিজ্ঞানশকুন্তলম্' নাটক সম্পর্কে এই উক্তিটির তাৎপর্য বিচার করো।

অথবা

রবীন্দ্র সাহিত্যে 'অভিজ্ঞানশকুন্তলম্' - নাটকের প্রভাব ও প্রেরণা সম্পর্কে পর্যালোচনা করো। ১৫

পর্ব : ২ ও ৩

(নন্দনতত্ত্ব : ভারতীয় ও পাশ্চাত্য)

- ৪। 'Art is Imitation' — বলতে অ্যারিস্টটল ঠিক কী বুঝিয়েছেন তা বিশদে ব্যাখ্যা করো।

অথবা

আধুনিক কবিতা বলতে ক্রিস্টোফার কডওয়েল ঠিক কী বুঝিয়েছেন? কাব্যের উদ্ভব ও মানবজীবনে কবিতার প্রভাব সম্পর্কে বুঝিয়ে দাও। ১৫

- ৫। ত্রেণচের নন্দনতত্ত্বে প্রকাশতত্ত্বের স্বরূপ বিশদে প্রকাশ করো।

অথবা

শ্রী অরবিন্দের শিল্পভাবনা সম্পর্কে নাতিদীর্ঘ প্রবন্ধ লেখো। ১৫

- ৬। 'সুন্দর' প্রবন্ধের মূল ভাব নিজের ভাষায় বিবৃত করো।

অথবা

'তথ্য ও সত্য' প্রবন্ধ অবলম্বনে সাহিত্যের সত্য বলতে রবীন্দ্রনাথ যা বলতে চেয়েছেন তা নিজের ভাষায় ব্যক্ত করো। ১৫